তথ্যপত্র

নিউ ইয়র্ক স্টেট এর একটি প্রকাশনা আবাসন ও কমিউনিটি পুনর্নবীকরণ শাখা
বাড়িভাড়া প্রশাসন দপ্তর

14 পরিষেবা কমানোর জন্য ভাড়া কমানো

এক নজরে

এটি ভাড়াটিয়ার ভাড়া কমানোর অধিকারকে বর্ণনা করে যদি তিনি তাদের অ্যাপার্টমেন্টে অথবা বিল্ডিং জুড়ে কোন পরিষেবার হ্রাস অভিজ্ঞতা করেন।

সংজ্ঞাগুলি

আবাসন ও কমিউনিটি পুনর্নবীকরণ শাখা (DHCR): DHCR একটি নিউ ইয়র্ক স্টেট এজেন্সি, যারা বিনিয়োগ করেন সম্প্রদায়গুলিতে, এবং সাশ্রয়ী মুল্যের আবাসনগুলি সংরক্ষণ এবং রক্ষা করেন এবং রাজ্যের মধ্যে ভাড়ার নিয়ন্ত্রণ কার্যকরী ও ভাড়া স্থিতিশীলতার আইন কার্যকরী করেন।

ভাড়া সুস্থিতি: নিয়ম যা ভাড়া বৃদ্ধির রাশিকে সীমাবদ্ধ করা ছাড়াও ভাড়াটেদের সুরক্ষা প্রদান করে। ভাড়াটেরা তাদের লিজ পুনর্নবীকরণ করতে প্রয়োজনীয় আইন গ্রহণের অধিকারী, এবং আইনসম্মত ভিত্তি ব্যতীত অন্য কোনো ক্ষত্রে তাদের উচ্ছন্ন করা নাও যেতে পারে। লিজগুলো ভাড়াটের পছন্দ অনুযায়ী, এক বা দুই বছরের একটি টার্মের জন্য পুনর্নবীকরণ করা যেতে পারে।

সংক্ষিপ্তসার এবং বিশিষ্ট বস্তুগুলি

একজন ভাড়াটিয়া যার একটি একক অ্যাপার্টমেন্টের অথবা সমগ্র বিল্ডিং জুড়ে পরিষেবা কমে যাওয়ার অভিজ্ঞতা হয়েছে তিনি হয়তো যথাযথ ফর্মে একটি অভিযোগ দায়ের করতে পারেন।

প্রক্রিয়া	• DHCR আসা অভিযোগগুলি বাছেন এবং ডকেট করেন, বাড়ির মালিককে একটি প্রতিলিপি দেন, এবং বর্ণিত অবস্থার তদন্ত করেন। • DHCR একটি লিখিত আদেশ জারি করবেন যাতে ভাড়া কমানোরে এবং সারাই করানোর নির্দেশ দেওয়া থাকতে পারে।
ভাড়া কমানোর শর্তাদি	• সুস্থিত ভাড়ার ভাড়াটিয়াদের কার্যকর হওয়ার তারিখ হল ভূতাপেক্ষভাবে DHCR এর মালিকের বিরুদ্ধে পরিষেবার অভিযোগের পরের মাসের প্রথম দিন। নিয়ন্ত্রিত বাড়িভাড়ার ভাড়াটিয়াদের ক্ষেত্রে কার্যকর হওয়ার তারিখ হল আদেশ জারি করার পরের মাসের প্রথম দিন। • সুস্থিত ভাড়ার ভাড়াটিয়াদের ক্ষেত্রে বাড়িভাড়া কমানোর রাশি সাধারণভাবে সবচেয়ে সম্প্রতি পরিবর্তিত পুনর্নবীকরণ নির্দেশিকায় যা বৃদ্ধি করা হয়েছিল। নিয়ন্ত্রিত ভাড়ার ভাড়াটিয়াদের জন্য, এই পরিমাণ হল একটি ডলার রাশি যা DHCR স্থির করে দিয়েছে। • ভাড়া-সুস্থিত ভাড়াটিয়াদের জন্য, একটি পুনর্বহালের আদেশ ততক্ষণ জারি হবেনা যতক্ষণ না ভাড়া হ্রাসের নির্দেশে তালিকাভুক্ত সমস্ত পরিষেবা পুনর্বহাল হয়। ভাড়া-সুস্থিত অ্যাপার্টমেন্টের জন্য, আংশিক ভাড়া পুনর্বহালের আদেশ জারি করা যেতে পারে।

তথ্যপত্র

নিউ ইয়র্ক স্টেট এর একটি প্রকাশনা আবাসন ও কমিউনিটি পুনর্নবীকরণ শাখা
বাড়িভাড়া প্রশাসন দপ্তর

14 পরিষেবা কমানোর জন্য ভাড়া কমানো

মালিক পরিষেবা বজায় না রাখলে ভাড়াটিয়ার অধিকারসমূহ

সুপারিশ করা হচ্ছে যে একজন ভাড়াটিয়া যার একটি একক অ্যাপার্টমেন্টের পরিষেবা কমে যাওয়ার অভিজ্ঞতা হয়েছে অথবা ভবনের থেকে প্রথমে মালিকের সঙ্গে লিখিতভাবে যোগাযোগ করতে হবে, যেমনটা পরের অনুচ্ছেদে বিশদে বলা হয়েছে। **যদিও, ভাড়াটিয়ার থেকে মালিকের প্রতি অগ্রিম লিখিত বিজ্ঞপ্তির দেওয়ার আর কোনও প্রয়োজন নেই। মালিক ও DHCR-কে তা প্রদান করায় ব্যর্থতাকে আর অভিযোগ বাতিল করার ভিত্তি বলে ধরা যাবে না, 2014 সালের ভাড়া বিধি সংশোধন অনুসারে।** লিখিত বিজ্ঞপ্তির দ্বারা সমস্যাটি না মিটলে, ভাড়াটিয়া অভিযোগ দায়ের করতে পারেন আবাসন ও কমিউনিটি পুনর্নবীকরণ শাখা (DHCR) এর কাছে।

একটি ব্যক্তিগত অভিযোগের জন্য ভাড়াটিয়া একটি *"পরিষেবা কমানোর ভিত্তিতে বাড়িভাড়া কমানোর আবেদন - একক অ্যাপার্টমেন্ট " প্রয়োগ করতে পারবেন* (DHCR ফর্ম RA-81) অ্যাপার্টমেন্টের অবস্থা সম্পর্কে অভিযোগের জন্য। অভিযোগটি অনলাইনে www.hcr.ny.gov -তেও জমা দেওয়া যাবে। সেই অভিযোগের জন্য যাতে ভবন-ব্যাপী পরিষেবা কমানো জড়িত রয়েছে, একজন ভাড়াটিয়া বা ভাড়াটিয়ার প্রতিনিধি দায়ের করতে পারেন*"ভবন-ব্যাপী পরিষেবা কমানোর ভিত্তিতে ভাড়া কমানোর আবেদন"* (DHCR ফর্ম RA-84). একজন ভাড়াটিয়া মালিক বা এজেন্টকে পাঠানো তাদের চিঠির একটি প্রতিলিপির সঙ্গে ডাকযোগে পাঠানোর বা পৌঁছে দেওয়ার প্রমাণ সংযুক্ত করতে পারেন (উদাহরণস্বরূপ: ডাকে দেওয়ার শংসাপত্র, শংসিত ডাকের রসিদ বা মালিকের স্বাক্ষর করা রসিদ অথবা এজেন্টের ব্যক্তিগতভাবে পৌঁছে দেওয়ার স্বীকৃতি)। মালিককে লেখা চিঠিটির তারিখের অন্তত 10 দিন পরে DHCR এর কাছে অভিযোগ জানাতে হবে।

আপৎকালীন অবস্থায়, DHCR এর কাছে অভিযোগ দায়ের করার আগে মালিককে আগে থেকে লিখিত বিজ্ঞপ্তি দেওয়া প্রয়োজনীয় নয়। এই আপৎকালীন অবস্থাগুলি হল: উচ্ছেদের আদেশ (5 দিনের বিজ্ঞপ্তি), আগুন লাগা (5 দিনের বিজ্ঞপ্তি), অ্যাপার্টমেন্ট জুড়ে কোনও জল নেই, কোনও কাজ করে এমন টয়লেট নেই, ভেঙে পড়া বা ভেঙে পড়তে থাকা ছাদ বা দেওয়াল, মেঝে বসে যাওয়া, অ্যাপার্টমেন্ট জুড়ে কোনও গরম করার ব্যবস্থা/গরম জলের ব্যবস্থা নেই (লঙ্ঘন প্রয়োজনীয়), ভাঙা বা কাজ না করা অ্যাপার্টমেন্টের সামনের দরজার তালা, সবকটি লিফট অকার্যকর, অ্যাপার্টমেন্ট জুড়ে কোনও বিদ্যুৎ নেই, আগুন লাগলে বেরোনোর জানলা (খুলছে না), জল লিক করছে (জলের ধারা বয়ে যাচ্ছে, আটকানো বৈদ্যুতিক যন্ত্রপাতিতে জল টানছে), জানলার কাঁচ ভাঙা (ফাটা নয়), আগুন লাগলে বেরোনোর পথ ভাঙা/অব্যবহার্য, ভেঙে পড়া বাতানুকূল যন্ত্র (গ্রীষ্মকালীন কারণ)। DHCR এর কাছে করা অভিযোগ যাতে উল্লেখ করা হয় যে এই আপৎকালীন অবস্থাগুলির যে কোনওটিকে প্রথম অগ্রাধিকার হিসেবে দেখতে হবে এবং যত দ্রুত সম্ভব প্রক্রিয়া করতে হবে, সেগুলি অনলাইন আবেদন হিসেবে জমা দেওয়া হয়ে থাক বা কাগজের আবেদন হিসেবে। **কাগজ জমা দেওয়ার জন্য, সুপারিশ করা হচ্ছে যে ভাড়াটিয়ারা সেইসব সমস্যাসঙ্কুল অবস্থার জন্য একটি আলাদা DHCR ফর্ম ব্যবহার করুন যেগুলি এই আপৎকালীন অবস্থার তালিকায় নেই।**

পরিষেবা কমানোর অভিযোগ দায়ের করার সময়ের প্রণালীসমূহ

1. DHCR এই আবেদনপত্রগুলি পরীক্ষা ও ডকেট করে এবং ভাড়াটিয়াকে(দেরকে) অভিযোগ/ডকেট নম্বর সহ একটি স্বীকৃতি পাঠায়।

2. মালিকের সাড়া দেওয়ার সময়রেখা অভিযোগের প্রকৃতির উপর নির্ভর করে। ভাড়াটিয়ার আবেদনের /অভিযোগের একটি প্রতিলিপি মালিককে পাঠানো হয় এবং মালিককে তাতে সাড়া দেওয়ার জন্য একটি নির্দিষ্ট পরিমাণ সময় দেওয়া হয়। DHCR সবসময়ই মালিককে সাড়া দিতে একটি যুক্তিসঙ্গত বর্ধিত সময় মঞ্জুর করে।

3. মালিকের উত্তর নির্ধারণের পক্ষে প্রাসঙ্গিক হলে DHCR ভাড়াটিয়াকে একটি প্রতিলিপি পাঠাতে পারে, যাকে সাড়া দেওয়ার জন্য একটি নির্দিষ্ট পরিমাণ সময় দেওয়া হয়। DHCR আবেদন প্রক্রিয়াকরণের সময় একটি পরিদর্শনের সময়সূচি নির্ধারণ করতে পারে।

4. প্রমাণ যদি এইদিকে নির্দেশ করে যে মালিক প্রয়োজনীয় পরিষেবা বজায় রাখতে ব্যর্থ হয়েছেন, সেক্ষেত্রে DHCR একটি লিখিত আদেশ জারি করতে পারে যা মালিককে পরিষেবা পুনর্বহাল করার নির্দেশ দেয় ও অ্যাপার্টমেন্টের ভাড়া কমিয়ে দেয়। এই আদেশ ততক্ষণ পর্যন্ত কার্যকর থাকবে যতক্ষণ না মালিক DHCR এর আবেদন করছেন এবং বাড়িভাড়া পুনর্বহালের আদেশ পাচ্ছেন যাতে পাওয়া যাচ্ছে যে পরিষেবাগুলি পুনর্বহাল করা হয়েছে। DHCR সেই আইটেমগুলির সম্পর্কে কোনও আদেশ জারি করবে না যেগুলির উল্লেখ ভাড়াটিয়ার মালিককে লেখা চিঠিতে ছিল না।

<u>কোনও মালিক DHCR এর পরিষেবা কমানোর আদেশ প্রতিপালন না করলে ভাড়াটিয়ার অধিকারসমূহ</u>

মালিক এই আদেশ জারির তারিখের 30 দিনের মধ্যে পরিষেবা পুনর্বহাল করতে ও/বা নির্দিষ্ট করা অবস্থা সংশোধন করতে ব্যর্থ হলে ভাড়াটিয়া একটি প্রতিপালনের মামলা শুরু করার অনুরোধ করতে একটি *"ভাড়াটিয়ার দ্বারা প্রতিপালিত না হওয়ার নিশ্চিতকরণ"* (DHCR ফর্ম RA-22.1) দায়ের করতে পারেন। ভাড়াটিয়ার তাদের বাড়িভাড়া আদেশানুসারে কমানোর অনুমতিও থাকবে।

<u>মালিক মেরামতির জন্য অ্যাপার্টমেন্টে প্রবেশ প্রাপ্ত করতে না পারলে পরবর্তী প্রণালীসমূহ</u>

কোনও মালিক চেষ্টা করা স্বত্বেও পরিষেবা বা সরঞ্জামের ত্রুতি সংশোধন করতে এই বিষয়াধীন আবাসনের বাসস্থানে প্রবেশ প্রাপ্ত করতে না পারলে মালিককে এর উত্তরে তা বিবৃত করতে হবে। প্রাপ্তির পর, DHCR পরিদর্শককে সেইরূপ প্রবেশ প্রদান করা হয়েছে কিনা তা নির্ধারণ করতে মালিক বা মালিকের এজেন্টকে সঙ্গে নিয়ে সেই আবাসনের বাসস্থানে যাওয়ার নির্দেশ দিতে পারে। DHCR এর এই পরিদর্শনগুলির সমন্বয় করার ক্ষেত্রে, মালিককে DHCR এর কাছে জমা দেওয়া উত্তরে প্রবেশ প্রত্যাখ্যান করা নির্দেশ করতে হবে এবং তাতে ভাড়াটিয়াকে প্রবেশের ব্যবস্থা করার প্রয়াস সম্পর্কে লেখা দুটি চিঠির প্রতিলিপি অন্তর্ভুক্ত করতে হবে। চিঠিগুলির প্রতিটি প্রবেশের প্রস্তাবিত তারিখের অন্তত আটদিন আগে ডাকে দেওয়া আবশ্যক এবং সেগুলি শংসিত ডাকের মাধ্যমে প্রাপ্তির রসিদ ফেরতের অনুরোধ সহ ডাকে দেওয়া আবশ্যক। এই সব পরিদর্শনের প্রয়োজনীয়তার ব্যতিক্রমের অনুমতি সেই আপৎকালীন অবস্থায় দেওয়া যেতে পারে, যেখানে বিশেষ পরিস্থিতির অস্তিত্ব রয়েছে অথবা তা আদালতের আদেশ সাপেক্ষ।

পরিদর্শনের জন্য DHCR এর দ্বারা স্থির করা সময়ে ভাড়াটিয়া প্রবেশ প্রদানে ব্যর্থ হলে ভাড়াটিয়ার পরিষেবার অভিযোগ প্রত্যাখ্যান করা হবে অথবা মালিকের বাড়িভাড়া পুনর্বহাল করার আবেদন মঞ্জুর করা হবে।

সুস্থিত ভাড়ার ও নিয়ন্ত্রিত ভাড়ার ভাড়াটিয়াদের উপর DHCR এর ভাড়া কমানোর আদেশের প্রভাবসমূহ

1. সুস্থিত ভাড়ার ভাড়াটিয়াদের কার্যকর হওয়ার তারিখ হল ভূতাপেক্ষভাবে DHCR এর মালিকের বিরুদ্ধে অভিযোগের পরিষেবা পরবর্তী মাসের প্রথম দিন। নিয়ন্ত্রিত বাড়িভাড়ার ভাড়াটিয়াদের ক্ষেত্রে, কার্যকর হওয়ার তারিখ হল আদেশ জারি করার পরের মাসের প্রথম দিন।

2. সুস্থিত ভাড়ার ভাড়াটিয়াদের ক্ষেত্রে বাড়িভাড়া কমানোর রাশি সাধারণভাবে সবচেয়ে সম্প্রতি চার্জ করা লীজ পুনর্নবীকরণের নিরদেশিকার বৃদ্ধি **(নীচের উদাহরণ #1 দেখুন)**। নিয়ন্ত্রিত ভাড়ার ভাড়াটিয়াদের জন্য, এই পরিমাণ হল একটি ডলার রাশি যা DHCR স্থির করে দেবে **(নীচে উদাহরণ #2 দেখুন)।**

3. এই আদেশ সাধারণভাবে সুস্থিত ভাড়ার ভাড়াটিয়াদের বাড়িভাড়া আরও বৃদ্ধি করা থেকে বিরত করে, যতক্ষণ না DHCR কোনও বাড়িভাড়া পুনর্বহালের আদেশ জারি করছে। 2014 সালের বাড়িভাড়া বিধির সংশোধনীতে এর পরবর্তীতে বাসিন্দাহীন লীজের বর্ধিত বাড়িভাড়া সংগ্রহ এবং বড়সড় মূলধনী উন্নতির জন্য বর্ধিত বাড়িভাড়ার সেই অংশ সংগ্রহকে নিষিদ্ধ করে যা বাড়িভাড়া কমানোর আদেশ জারি হওয়ার পর সংগ্রহযোগ্য হয়। সেগুলি কেবলমাত্র ভবিষ্যতে সংগ্রহযোগ্য হয়, DHCR বাড়িভাড়া পুনর্বহাল করার আদেশ কার্যকর হওয়ার তারিখে থেকে। নিয়ন্ত্রিত ভাড়ার ভাড়াটিয়াদের ক্ষেত্রে, আদেশটি সাধারণভাবে সর্বাধিক সংগ্রহযোগ্য বাড়িভাড়া (MCR) ও জ্বালানি বৃদ্ধি সংক্রান্ত বৃদ্ধিগুলিকে নিষিদ্ধ করে না। এই বৃদ্ধি কেবল তখনই নিষিদ্ধ করা যায় যখন আদেশে দেখা যাবে যে, কোনও অত্যাবশ্যক পরিষেবা কমিয়ে দেওয়া হয়েছে। আইনে প্রয়োজনীয় হলে এগুলির বছরের সেই সময়, যখন প্রকাশ্য ও প্রয়োজনীয় ব্যক্তিগত এলাকার উভয় জায়গায় গরম জল, ঠাণ্ডা জল, সুপারিন্টেনডেন্ট পরিষেবা, সামনের বা প্রবেশের দরজার নিরাপত্তা বজায় রাখা (তালা ও অ্যালার্ম সহ, কিন্তু তাতেই তা সীমাবদ্ধ নয়), জঞ্জাল সংগ্রহ, লিফট পরিষেবা, গ্যাস, বিদ্যুৎ ও অন্যান্য উপযোগিতা পরিষেবাগুলিকে তাপ বলে সংজ্ঞা দেওয়া হয়, এবং "সেই অন্যান্য পরিষেবাগুলি যখন সেগুলি প্রদান করায় ও/বা বজায় রাখায় ব্যর্থতা ভাড়াটিয়াদের জীবন ও নিরাপত্তার পক্ষে বিপজ্জনক অথবা তাদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।"

4. সুস্থিত ভাড়ার ভাড়াটিয়াদের ক্ষেত্রে, বাড়িভাড়া কমানোর আদেশে তালিকাভুক্ত যাবতীয় পরিষেবা যতক্ষণ না সংশোধিত হচ্ছে ততক্ষণ পর্যন্ত কোনও বাড়িভাড়া পুনর্বহালের আদেশ জারি করা হবে না। নিয়ন্ত্রিত ভাড়ার অ্যাপার্টমেন্টের ক্ষেত্রে, আংশিক বাড়িভাড়া পুনর্বহালের আদেশ জারি করা যেতে পারে। যে সকল মালিক বাড়িভাড়া পুনর্বহালের আবেদন দায়ের করতে চান, তারা ফর্ম RTP-19 ব্যবহার করতে পারেন। এই ফর্মটি অনলাইনে www.hcr.ny.gov -তেও পাওয়া যাবে।

উদাহরণগুলি

উদাহরণ #1

1. শ্রীমতী উইলিয়ামস, একজন সুস্থিত বাড়িভাড়ার ভাড়াটিয়া, একটি ভাঙা জানলার জন্য ভাড়া কমানোর আদেশ পেলেন 15 ফেব্রুয়ারি, 2020 তারিখে। এটি কার্যকর হওয়ার তারিখ 1 ডিসেম্বর, 2019.

2. তার একটি দুবছরের পুনর্নবীকরণ লীজ কার্যকর রয়েছে যা শুরু হয়েছিল 1 নভেম্বর, 2019 তারিখে যার ভাড়া ছিল $1640 ($1600 + 40.00 (2.50%)). পুনর্নবীকরণ লীজের নির্দেশিকায় বৃদ্ধি হওয়ার আগে তার ভাড়া ছিল $1600.

3. 1 মার্চ, 2020 তারিখে, শ্রীমতী উইলিয়ামসের ভাড়া কমে $1600 হবে, যা কার্যকর হবে 1 ডিসেম্বর, 2019 তারিখে। যদি মালিক কোনও প্রশাসনিক পর্যালোচনার আবেদন (PAR) দায়ের না করেন, তাহলে তার এর সঙ্গে বকেয়া হবে শ্রীমতী উইলিয়ামসের কাছে $40.00 ফেরত, ডিসেম্বর, জানুয়ারি ও ফেব্রুয়ারি এই তিনমাসের প্রতিটির জন্য; যার মোট পরিমাণ $120.00. এই তিনমাসের জন্য কথিত ফেরত অবিলম্বে সংগ্রহযোগ্য হবে না, যদি মালিক একটি PAR দায়ের করেন, যদিও, বাড়িভাড়ার পরিমাণ কমে $1600-ই থাকবে।

উদাহরণ #2

1. শ্রীমতী কোহেন, একজন নিয়ন্ত্রিত বাড়িভাড়ার ভাড়াটিয়া একটি ভাঙা জানলার জন্য ভাড়া কমানোর আদেশ পেলেন 15 মার্চ, 2020 তারিখে। তার সর্বাধিক সংগ্রহযোগ্য ভাড়া (MCR) হল $845.

2. আদেশে এই ভাড়া $8 কমিয়ে দেওয়া হল।

3. 1 এপ্রিল, 2020 তারিখে, শ্রীমতী কোহেনের বাড়িভাড়া কমে $837 ($845 - $8) হয়ে যাবে। এখানে কোনও বিপরীতমুখী কার্যকলাপ নেই এবং তার আগেকার মাসগুলি বাবদ কোনও অর্থ ফেরত প্রাপ্য হবে না।

মালিক বা ভাড়াটিয়াগণ তাদের অভিযোগ, উত্তর বা আবেদনের সমর্থনে একজন লাইসেন্সধারী আর্কিটেক্ট বা ইঞ্জিনিয়ারের দ্বারা হলফনামা জমা দিতে পারেন

সম্পূর্ণ আলচনার জন্য নীতি বিবৃতি 96-1, তৃতীয়পক্ষের শংসায়ন দেখুন। মূলতঃ, একজন মালিকের সরবরাহ করা হলফনামায় অবস্থা সংশোধিত হয়েছে বলাকে ভাড়াটিয়ারা অন্তত 51% অভিযোগকারী ভাড়াটিয়ার দ্বারা সেই অবস্থা বিদ্যমান বলে বিবৃতি দেওয়ার দ্বারা অথবা কোনও ভাড়াটিয়া কোনও লাইসেন্সধারী আর্কিটেক্ট বা ইঞ্জিনিয়ারকে দিয়ে পাল্টা হলফনামা জমা দেওয়ার দ্বারা খণ্ডন করতে পারেন।

সূত্রসমূহ:
নিউ ইয়র্ক সিটি বাড়িভাড়া সুস্থিতি বিধি, ধারা 2523.4
ভাড়াটিয়া সুরক্ষা প্রবিধান, ধারা 2503.4
নিউ ইয়র্ক সিটি বাড়িভাড়া ও উচ্ছেদ প্রবিধান, ধারা 2202.16
নিউ ইয়র্ক সিটি বাড়িভাড়া ও উচ্ছেদ প্রবিধান, ধারা 2102.4

সম্পর্কিত উপাদানসমূহ:
তথ্যপত্র #3, প্রয়োজনীয় ও অত্যাবশ্যক পরিষেবাসমূহ

আরও তথ্য বা সহায়তার জন্য আপনি আপনার বরোর বাড়িভাড়া দপ্তরে যেতে পারেন।

Queens
92-31 Union Hall Street
6th Floor
Jamaica, NY 11433

Lower Manhattan
25 Beaver Street
New York, NY 10004

Brooklyn
55 Hanson Place
6th Floor
Brooklyn, NY 11217

Bronx
1 Fordham Plaza
4th Floor
Bronx, NY 10458

Upper Manhattan
163 W. 125th Street
5th Floor
New York, NY 10027

Westchester County
75 South Broadway
3rd Floor
White Plains, NY 10601